তারিখ 21 FEB ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# নবাবগঞ্জে ঝরে পড়া শিশুদের আলোর ভুবন ব্রিজ স্কুল

প্রতিনিধি, নবাবগঞ্জ (দিনাজপুর)

দিনাজপুরের নবাবগঞ্জে ঝরে পড়া শিশুদের মাঝে শিক্ষা আলো ছড়িয়ে দিচ্ছে বেসরকারি সংস্থা ডি আর এসের ব্রিজ স্কুল । এই অধিকার থেকে সচেতনতার অভাব, দরিদ্রতা ও সামাজিক কারন সহ নানা কারনে অনেক শিশুরাই ঝরে পড়ছে শিক্ষার আলো থেকে। এর পর তারা শিকার হচ্ছে শিশু শ্রমের। পরিবারে অভাবের কারনে রোজগারের জন্য ছেলেরা বিভিন্ন কাজে নিয়োজিত হচ্ছে। মেয়েরা কেউ সংসারের কাজে সময় পার করছে। আবার বয়স না হতেই সামাজিক কারনে কাউকে কাউকে বাল্য বিয়ের শিকার হতে হচ্ছে। এ রকম ঝরে পড়া শিশুদের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দিচ্ছে বেসরকারী সংস্থা আর ডি আর এসের ব্রিজ স্কুল।

নবাবাগঞ্জ উপজেলার মাহমুদপুর ইউনিয়নের চকজুনিত নামক স্থানে একটি ব্রিজ স্কুলে গিয়ে দেখা গেছে, ওই গ্রামের ওয়াহেদ আলীর ছেলে ইউনুস আলী ঝরে পড়া শিশুদের পাঠ দান করছেন। তিনি জানান, ওই স্কুলে ১৩ জন শিশু রয়েছে যারা ইটভাটায় ও রাখালের কাজ করত। শিশু শিক্ষার্থী টিটু হেমরম , রুবেল টুডু, প্রতিমা সরেন ও জাহিদ হাসান সহ সব শিক্ষার্থীই ঝরে পড়েছিল। চলতি বছর থেকে তাদের মাঝে আবার শিক্ষার আলো ছড়িয়ে দেয়া শুরু করা হয়েছে। আর সেই সুযোগ করে দিয়েছে আর ডি আর এস। সংস্থার নবাবগঞ্জ অফিসের ব্যবস্থাপক আতিকুর রহমান জানালেন তাদের নানা কর্মসূচির মধ্যে ব্রিজ স্কুল একটি। নবাবগঞ্জ উপজেলা এলাকায় এরকম ৫টি স্কুল রয়েছে যেগুলিতে ঝরে পড়া ৬৯ জন শিশুকে শিক্ষা দেয়া হচ্ছে। তারা শিক্ষা উপকরনও দিয়ে আসছেন। স্কুলে ফিরে যাওয়া কর্মসূচির ব্রিজ স্কুলগুলি স্ট্রম ফাউন্ডেশন বাংলাদেশের সহযোগিতায় এবং আর ডি আর এসের সিড প্রকল্পের আওতায় চলমান রয়েছে।